

# আত্মতৃপ্তি

## মূলঃ অটো রেনে ক্যাসটিলো

### অনুবাদঃ অর্নব দত্ত

জানো যারা সারা জীবন যুদ্ধ করে  
তাদের জীবনে সবচেয়ে সুন্দর মুহূর্ত কোনটি?  
জীবনের উপান্তে উপস্থিত হয়ে তাদের আত্মতৃপ্তিঃ  
আমরা মানুষ আর জীবনে বিশ্বাস করেছি;  
তারা আমাদের হতাশ করেনি।

একমাত্র এই পথ  
যাতে পুরুষ হয় পুরুষ  
নারী হয় নারী  
দিন রাত যুদ্ধ,  
মানুষের জন্য, জীবনের জন্য।

তারপর জীবনের পরপারে এসে  
মানুষ খুলে দেয় তার অন্তরের গভীরতম নদী।  
সে জলে অবগাহন করে জন্মের মত।  
তারা হয়ে যায় দূরের আগুন, হৃদয়ের প্রেরণা।

যারা সারা জীবন যুদ্ধ করে গেছে  
তাদের জীবনে সবচেয়ে সুন্দর মুহূর্ত,  
জীবনের উপান্তে উপস্থিত হয়ে তাদের আত্মতৃপ্তিঃ  
আমরা মানুষ আর জীবনে বিশ্বাস করেছি;  
তারা আমাদের হতাশ করেনি।

১৬ পৌষ, ১৪১২

<http://groups.yahoo.com/group/sahitya/>